

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭২২

পর্ব-১১: হজ (এшاسال)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - মক্কার হারামকে আল্লাহ তা'আলা কর্তৃক সংরক্ষণ প্রসঙ্গে

بَابُ حَرَم مَكَّةَ حَرَسَهَا اللهُ تَعَالَى

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «كَأَنِّي بِهِ أَسْوَدَ أَفْحَجَ يقْلعُها حَجَراً حَجَراً» . رَوَاهُ البُّخَارِيِّ

বাংলা

২৭২২-[৮] ইবনু 'আব্বাস (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ আমি যেন কাবা ঘর ধ্বংসকারী সেই ব্যক্তিটিকে দেখছি। সে কালো এবং কোল ভেঙ্গুর কা'বার এক একটি পাথর খসিয়ে ফেলছে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৫৯৫, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১১২৩৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৭০১, সহীহ ইবনু হিব্বান ৬৭৫২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (كَأَنِيْ بِهِ أَسْوَدَ أَفْحَج) "আমি যেন দেখতে পাচ্ছি লোকটি কালো বর্ণের তার পাদ্বয় ছড়ানো।" أَفْحَجَ (আফহাজা) এমন ব্যক্তিকে বলা হয় যার পাদ্বয়ের অগ্রভাগ কাছাকাছি এবং গোড়ালিদ্বয় দূরবর্তী থাকে অথবা দু'পা কিছুটা ছড়ানো থাকে।

(یَقُلَعُها حَجَرًا حَجَرًا) "তা থেকে একটি একটি পাথর খুলছে"। অর্থাৎ- ঐ কালো বর্ণের পাদ্বয় ছড়ানো লোকটি কাবা ঘরের দেয়াল থেকে একটি একটি করে পাথর খুলে ফেলছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন